

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ
<http://gajaria.munshiganj.gov.bd>

স্মারক নং- ০৫.৩০.৫৯২৪.০০২.১৬.০০৪.২৩-২৩

তারিখ ১৫/০১/২০২৩ খ্রিঃ

২০ (বিশ) একর পর্যন্ত বন্ধ খাস জলাশয় সমূহের ১৪২৯ বাংলা সন হতে ১৪৩১ বাংলা সনের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা গজারিয়া উপলোমীন সকল নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতিতে জানানো যাচ্ছে যে, গজারিয়া উপজেলার ২০ (বিশ) একর পর্যন্ত বন্ধ খাসজলাশয়টি ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরপত্র সিডিউলের মাধ্যমে বিজ্ঞপ্তি তথ্যাদি ও শর্তসমূহের ভিত্তিতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।


ক্রমিক নং	ইউনিয়নের নাম	জলমহালের নাম	আয়তন (একরে)	সরকারি মূল্য	সিডিউলের মূল্য
০১	ইমামপুর	হাড়িখালী	৪.৭৫	৫২,৫০০/-	৫০০/-

জলমহাল ইজারা প্রদানের পদ্ধতি

ক্রমিক নং	দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখ	গৃহীত কার্যক্রম	মন্তব্য
০১	১০ থেকে ২৫ ফাল্গুন	অনলাইনে আবেদন দাখিল	
০২	২৬ ই ফাল্গুন হতে পরবর্তীতে ০৩ (তিন) কার্য দিবস	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের কাগজের মূল কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল	
০৩	০৫ চৈত্রের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই	
০৪	১০ চৈত্রের মধ্যে	উপজেলা জলমহাল কমিটিতে উপস্থাপন	
০৫	১৫ চৈত্রের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং অনুমোদন	
০৬	২০ চৈত্রের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ	
০৭	২৫ চৈত্রের মধ্যে	ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারা মূল্য প্রদান	
০৮	২৫ চৈত্রের মধ্যে	ইজারা গ্রহীতার মধ্যে ইজারা চুক্তি সম্পাদন	
০৯	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে দখল বুঝিয়ে দেয়া	

১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওবয়ব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

০২. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপাশে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে


জিয়াউল ইসলাম চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
ও

(বিঃদ্রঃ ভূমি মন্ত্রণালয়ের সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এবং ভূমি মন্ত্রনালয় সায়রাড-১ এর ০৮-১১-২১ খ্রিঃ তারিখের ১২০ নং স্মারকের পরিপত্র অনুযায়ী সকল বিষয় নির্ধারিত।)

সভাপতি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ